

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
ব্যানবেইস ভবন(নীচতলা)
১, এশিয়ান হাইওয়ে(নীলক্ষেত-পলাশী), ঢাকা।

তারিখ : ০৮/০৩/২০১৭খ্রি.

২০১৭ সালের হজ্জের আবেদনের বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার অবসরপ্রাপ্ত হজ্জ গমনেচ্ছু শিক্ষক ও কর্মচারীগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র হজ্জ-২০১৭ পালনের জন্য আবেদনকারীগণের আবেদনপত্র আগামী ০৯/০৩/২০১৭খ্রি. তারিখ বৃহস্পতিবার থেকে ৩০/০৩/২০১৭খ্রি. তারিখ বৃহস্পতিবার পর্যন্ত অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে। উক্ত তারিখের পর আর কোন আবেদন গ্রহণ করা হবে না।
উল্লেখ্য, ডিসেম্বর, ২০১৬ সাল পর্যন্ত অবসর সুবিধার জন্য আবেদনকারীগণ হজ্জের ও তীর্থের আবেদন করতে পারবেন।

আবেদনের নিয়মাবলী :

- ১) সাদা কাগজে দরখাস্ত, আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ২) পাসপোর্টের সত্যায়িত ফটোকপি, মূল কপি প্রদর্শন সাপেক্ষে।
- ৩) সরকারি ব্যবস্থাপনায় হজ্জ গমনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকে বাড়ি ভাড়ার বাবদ কমপক্ষে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জমা দেয়ার মূল রশিদ, ব্যাংকের প্রত্যয়ন পত্র (সংশ্লিষ্ট ব্যাংকের টেলিফোন নম্বরসহ)।
- ৪) বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জ গমনের ক্ষেত্রে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর প্রত্যয়ন পত্র, ব্যাংকে অনুরূপ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জমা দানের রশিদসহ আবেদন করতে হবে।
- ৫) হজ্জ নিবন্ধনের কপি, পি.আই.ডি নম্বরসহ।
- ৬) অবসর সুবিধা বোর্ডে আবেদন জমার রিসিভ এর ফটোকপি।

* তীর্থে গমনের জন্য আবেদনকারীগণ উক্ত সময়ের মধ্যে সাদা কাগজে দরখাস্ত, আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, পাসপোর্টের সত্যায়িত ফটোকপি এবং মন্দিরের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য : হজ্জ/তীর্থের আবেদনপত্রের সাথে অবসর সুবিধা বোর্ডে আবেদন জমাদানের ক্রমিক নম্বর, তারিখ, ইনডেক্স নম্বর ও আবেদনকারীর মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।


(মোঃ খসরুল আলম)
পরিচালক
অবসর সুবিধা বোর্ড, ঢাকা